



মুজিববর্ষের অঙ্গীকার,  
নিরাপদ কর্মপরিবেশ  
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
আইসিটি সেল

অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০২১-২০২২ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি ড. গোলাম মোঃ ফারুক  
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)  
সভার তারিখ ১৯/০১/২০২২ খ্রি:  
সভার সময় সকাল ১১.০০টা  
স্থান প্রধান কার্যালয়, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।  
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বিগত সভার কার্যবিবরণী দৃষ্টীকরণ		০৫-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী নিয়ে কোন যোজন-বিয়োজনের প্রস্তাব না পাওয়া যাওয়ায় কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ধরে নেওয়া হলো।	১। সাক্ষির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ) ও সদস্য সচিব, ডাইফ ইনোভেশন টিম।

<p>২</p> <p>অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি</p>	<p>১। কর্মপরিকল্পনার ১.১ অনুচ্ছেদে বর্ণিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে ইনোভেশন টিমের সদস্য জনাব সিকদার মো: তৌহিদুল হাসান ‘ডাইফ OSH ই-টুল’ এর ধারণাপত্রটি আহবায়কের কাছে তুলে ধরেন। আহবায়ক উক্ত ধারণাটি কর্মপরিকল্পনায় উল্লেখকৃত সময়সীমার মধ্যে বাস্তবায়নের নির্দেশ দেন।</p> <p>২। কর্মপরিকল্পনার ১.২ অনুচ্ছেদে বর্ণিত সেবা সহজীকরণ হিসেবে <b>Online licensing full automation</b> এর কাজ ১৫ ফেব্রুয়ারী, ২০২২ এর মধ্যে শেষ হবে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন। কর্মপরিকল্পনার ১.৩ অনুচ্ছেদে বর্ণিত সেবা ডিজিটাইজেশন হিসেবে <b>LIMA OSH Module (upgradation)</b> এর বাস্তবায়নের অফিস আদেশ ৩০-১২-২০২১ তারিখে জারি করা হয়েছে বলেও তিনি সভাকে অবহিত করেন।</p> <p>৩। কর্মপরিকল্পনার ১.৬ অনুচ্ছেদে বর্ণিত ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন এবং কর্মপরিকল্পনার ২.২ অনুচ্ছেদে বর্ণিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে সভায় আলোচনা হয়। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় অবহিতকরণ সভা ও প্রশিক্ষণ অনলাইনে আয়োজন করা যায় বলে ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় প্রস্তাব করেন। সভাপতি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিয়ে যা করা প্রয়োজন তা করার নির্দেশ দেন।</p> <p>৪। ইনোভেশন কমিটির আহবায়কের নিকট সদস্য সচিব ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যয় করার জন্য একটি পরিকল্পনা উপস্থাপন করেন।</p>	<p>১। ‘ডাইফ OSH ই-টুল’-এর সম্পূর্ণ কাজ কর্মপরিকল্পনায় বর্ণিত সময়ের মধ্যে শেষ করতে হবে।</p> <p>২। সেবা সহজীকরণ হিসেবে <b>Online licensing full automation</b> এর বাস্তবায়নের অফিস আদেশ ১৫ ফেব্রুয়ারী, ২০২২ এর মধ্যে জারি করতে হবে।</p> <p>৩। ফেব্রুয়ারি, ২০২২ মাসে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনে অনলাইনে আয়োজন করতে হবে।</p> <p>৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর জন্য বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যয় করতে হবে।</p>	<p>১। অধিদপ্তরের ইনোভেশন টিম</p> <p>২। প্রধান কার্যালয়ের আইসিটি সেল</p> <p>৩। অধিদপ্তরের ইনোভেশন টিম</p> <p>৪। অধিদপ্তরের ইনোভেশন টিম</p>
---	---	---	--

৩	অন্যান্য	<p>১। সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের PMIS সফটওয়্যারের আদলে ডাইফের সকল কর্মকর্তার তথ্য LIMA MIS মডিউলে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।</p> <p>২। সভাপতি প্রত্যেক কর্মচারীর ACR যথাযথভাবে ডোসিয়ার কর্মকর্তার নিকট জমা হয়েছে কি না – এটি যাচাইয়ের জন্য একটি সিস্টেম উন্নয়ন করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।</p>	<p>১। LIMA সফটওয়্যারের MIS মডিউলটি কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>২। MIS মডিউলের অন্তর্ভুক্ত ACR এর ফিচারটি উদ্দেশ্যপূরণে যথাযথ কি না তা LIMA ট্রেনিং সার্ভারে যাচাই করতে হবে।</p>	<p>১। প্রধান কার্যালয়ের আইসিটি সেল</p>
---	----------	--	---	---

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. গোলাম মোঃ ফারুক  
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)


স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.১০

তারিখ: ১১ মাঘ ১৪২৮  
২৫ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
- ২) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৩) শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



সাব্বির আনোয়ার  
শ্রম পরিদর্শক (সাধারণ)